

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) এবং এপিসি হতে পিসি (পুরুষ) পদে পদোন্নতি
বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাধারণ আনসার ও এপিসি সদস্যদের নিম্নোক্ত ছক অনুযায়ী পদোন্নতি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

পদোন্নতি কোর্স	রেঞ্জের নাম	বাছাইয়ের স্থান, তারিখ ও সময়	মন্তব্য	
সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ)	কুমিল্লা	বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৬/০৫/২০২৪ খ্রিস্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, সোমবার।		
	ময়মনসিংহ			
	চট্টগ্রাম			
	খুলনা			
	বরিশাল			
	রাজশাহী			
	রংপুর			
এপিসি হতে পিসি (পুরুষ)	ঢাকা	বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৭/০৫/২০২৪ খ্রিস্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, মঙ্গলবার।		
	সিলেট	বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৮/০৫/২০২৪ খ্রিস্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, বৃহস্পতিবার।		
	ময়মনসিংহ	বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৯/০৫/২০২৪ খ্রিস্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, বৃহস্পতিবার।		
	সিলেট			
	চট্টগ্রাম			
	কুমিল্লা			

বিদ্রঃ বাছাইয়ের স্থান, তারিখ ও সময় পরিবর্তন হলে মোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে এবং বাছাইয়ের ক্ষেত্রে বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত স্থান, তারিখ ও সময় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২। যোগ্যতাঃ সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) পদোন্নতির ক্ষেত্রেঃ

- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- ০২/০৫/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত ন্যূনতম বয়স ২৮ বছর এবং সর্বোচ্চ বয়স ৩৫ বছর।
- কমপক্ষে ৫ বছর অঙ্গীভূত সাধারণ আনসার হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৩। যোগ্যতাঃ এপিসি হতে পিসি (পুরুষ) পদোন্নতির ক্ষেত্রেঃ

- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- ০২/০৫/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত ন্যূনতম বয়স ৩২ বছর এবং সর্বোচ্চ বয়স ৪০ বছর।
- নৃন্যতম ০১ (এক) মেয়াদ এপিসি হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৪। সাধারণ নির্দেশাবলীঃ

- যে সকল আনসার/এপিসি সদস্য রেন্ট, প্যানেল এবং অঙ্গীভূত অবস্থায় আছেন তাহারা আবেদন করতে পারবেন।
- প্রশিক্ষণ শুরুর দিন হতে অঙ্গীভূত সদস্যগণ অ-অঙ্গীভূত হবেন। তবে প্রশিক্ষণে অংশগ্রহণের পর থেকে এইচআরএম সফটওয়্যারে অংশগ্রহণকারীদের নামের পাশে ‘নট ভেরিফাইড’ দেখানো হবে।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করা সদস্যগণ এপিসি ও পিসি পদের জন্য স্মার্ট কার্ড প্রাপ্ত হবেন এবং অফারের জন্য প্যানেলভুক্ত হবেন। প্রশিক্ষণ সম্পন্ন করে এপিসি ও পিসি পদের জন্য প্যানেলভুক্ত হওয়ার ক্ষেত্রে ছয়মাসের বিরতিকাল প্রযোজ্য হবে না।
- সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যকে প্যানেলভুক্ত করা হবে।



- অঙ্গীভূত থাকাকালীন শৃঙ্খলাজনিত অভিযোগের বিচার কার্যক্রম চলমান থাকলে/শৃঙ্খলাজনিত অভিযোগে শাস্তি প্রাপ্ত হয়ে রেস্ট অবস্থায় থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- শৃঙ্খলাজনিত কারণে ফ্রিজ অবস্থায় থাকলে আবেদন করা যাবে না। তবে শৃঙ্খলাজনিত কারণ ব্যতীত অন্য কারণে কোনো সদস্য ফ্রিজ অবস্থায় থাকলে আবেদন করতে পারবেন।
- রাক, কালো তালিকাভুক্ত এবং নট ভেরিফাইড অবস্থায় আবেদন করা যাবে না।
- সাধারণ আনসার হতে এপিসি এবং এপিসি হতে পিসি পদোন্নতি প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রশিক্ষণার্থীর নামীয় তালিকা বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
- প্রশিক্ষণের সময় ও স্থান মোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে এবং বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

৫। অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতিঃ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট (www.ansarvdp.gov.bd)-এ ‘সাধারণ আনসার হতে এপিসি এবং এপিসি হতে পিসি পদে পদোন্নতি’ লিংকে ক্লিক করে আবেদন করা যাবে। উক্ত লিংকটি ১৪/০৪/২০২৪ খিস্টাব্দ হতে ০২/০৫/২০২৪ খিস্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত সক্রিয় থাকবে। রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার শেষ সময় ০২/০৫/২০২৪ খিস্টাব্দ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত এবং আবেদন করার শেষ সময় ০২/০৫/২০২৪ খিস্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি বাবদ অফেরতযোগ্য ২০০ (দুইশত) টাকা অনলাইনে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে। আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোনো সমস্যা হলে পরামর্শের জন্য ০৯৬৪৩২০৭০০৮ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শন করতে হবে।

৬। প্রযোজনীয় কাগজপত্র (বাছাইয়ের ক্ষেত্রে)

- (ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র
- (খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি
- (গ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি
- (ঘ) অভিজ্ঞতার সনদপত্র
- (ঙ) অন-লাইন রেজিস্ট্রেশনের কনফারমেশন ডকুমেন্টের (প্রবেশপত্রের) মূল কপি
- (চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক ‘ক থেকে ঙ’ পর্যন্ত সকল ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি
- (ছ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি

বিঃ দ্রঃ বিস্তারিত তথ্যের জন্য জেলা আনসার ভিডিপি কার্যালয়ে যোগাযোগ করুন অথবা ভিজিট করুনঃ www.ansarvdp.gov.bd

সতর্কীকরণঃ

- ❖ সাহায্য পাওয়ার আশায় কারো সাথে যোগাযোগ করে প্রতারিত হবেন না।
- ❖ কোনো সদস্য তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

২০২৪/৪/২৪

দেওয়ান মাতলুবুর রহমান
পরিচালক (আনসার-প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।